# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, অর্থনৈতিক উন্নয়নে অঙ্গীকারাবদ্ধ

**শেয়ার বিভাগ**

তারিখঃ ২৯ জুন, ২০২৬

সূত্র নং-১/১৪/১০৮/ ৩১১০

পরিচালক (ওয়েলফেয়ার)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

**বিষয়ঃ ব্যাংকের শেয়ারহোল্ডার সনাক্তকরণ এবং শেয়ার প্রোফাইল হালনাগাদকরণ কার্যক্রমে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সহযোগিতা প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো। শেয়ারহোল্ডার সনাক্তকরণ এবং শেয়ার প্রোফাইল হালনাগাদ করার লক্ষ্যে আগামী ০১ জুলাই ২০২৬ হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত ০৩ (তিন) মাসব্যাপী বিশেষ সেবা কার্যক্রম গ্রহন করা হয়েছে। কার্যক্রমসমূহ নিম্নরূপঃ

(ক) শেয়ারহোল্ডার সনাক্তকরণ এবং শেয়ার প্রোফাইল হালনাগাদকরণ কার্যক্রম আগামী ০১ জুলাই ২০২৬ হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত চালু থাকবে এ মর্মে ০৪ টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

(খ) শেয়ারহোল্ডারদের সেবা প্রদানের লক্ষ্যে ০১৩৩৫৩০১৬২০ ও ০১৩৩৫৩০১৬২১ নম্বর এর মাধ্যমে ব্যাংকের কাস্টমার কেয়ার সেবা চালু করা হয়েছে। সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত উক্ত নম্বর হতে গ্রাহক সেবা প্রদান করা হবে।

(গ) উপরিউক্ত কাস্টমার কেয়ার নম্বর এর মাধ্যমে ব্যাংকের কাস্টমার কেয়ার সংক্রান্ত ব্যবসায়িক হোয়াটসঅ্যাপ সেবা চালু করা হয়েছে।

০২। উপর্যুক্ত কার্যক্রম সফল করার লক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক আয়োজিত যে কোন সভা, সমাবেশে এবং বাহিনীর জেলা অফিসসমূহ ও থানা অফিস সমূহের মাধ্যমে মাঠ পর্যায়ে ০৩ (তিন) মাস ব্যাপক প্রচার প্রচারনা ও তথ্য উপস্থাপন এবং জনসম্পৃক্ততার অংশ হিসেবে বাহিনীর সোশ্যাল মিডিয়া পেইজ ও ওয়েবসাইটে বিজ্ঞাপন প্রদর্শন এর মাধ্যমে এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগনের অনুরোধক্রমে তাদের সাথে যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে বাহিনী কর্তৃক আয়োজিত যে কোন অনুষ্ঠানে তাদের উপস্থিতির মাধ্যমে উক্ত কার্যক্রম সম্পর্কে শেয়ারহোল্ডারগনকে অবহিত করার সুযোগ তৈরি করে সর্বাত্মক সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

(মোঃ মতিয়ার রহমান)
উপমহাব্যবস্থাপক
বিভাগ প্রধান
ই-মেইল: avubshare@gmail.com

তারিখঃ ২৯ জুন, ২০২৬

সূত্র নং-১/১৪/১০৮/ ৩১১০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরনঃ

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পরিচালনা বোর্ড, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (অপারেশনস), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। নথি/মহানথি।

তাসনিয়া তাহসিন রোজালিন
প্রিন্সিপাল অফিসার

**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217
Telephone48322181, 48313191, 48313147, 48313196, 9347615
**Website:** www.ansarvdpbank.gov.bd, E-mail: info@ansarvdpbank.gov.bd